অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/13/2026 **গভর্নর ক্যাথি হোকল**

ক্যাপিটাল সিটির মূল অংশের পুনরুজ্জীবনে এবং 200 মিলিয়ন মার্কিন ডলারের গুরুত্বপূর্ণ বিনিয়োগ পরিচালনা করতে গভর্নর হোকল ডাউনটাউন অ্যালবানি স্ট্র্যাটেজি উন্মোচন করেছেন

আবাসন খাতের উন্নয়ন, কর্মসংস্থানের নতুন সুযোগ তৈরি, ক্ষুদ্র ব্যবসাগুলোকে সহায়তা এবং ডাউনটাউনের বাণিজ্যিক করিডোর ও জনসাধারণের চলাচলের জায়গাগুলোর আধুনিকায়নে একটি বিস্তৃত ও জনমত-নির্ভর কর্মপরিকল্পনা

ডাউনটাউন অ্যালবানি স্ট্র্যাটেজির বিস্তারিত দেখুন এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ডাউনটাউন অ্যালবানি স্ট্র্যাটেজি (Downtown Albany Strategy) উন্মোচন করেছেন যেটি একটি ব্যাপক এবং জনমত-নির্ভর পুনরুজ্জীবনমূলক পরিকল্পনা যা 400 মিলিয়ন মার্কিন ডলারের চ্যাম্পিয়নিং অ্যালবানি'স পটেনশিয়াল (Championing Albany's Potential, CAP) ইনিশিয়েটিভের অংশ। এই কৌশলটি বাস্তবায়নে নিউ ইয়র্ক স্টেট 200 মিলিয়ন মার্কিন ডলারের সরকারি বিনিয়োগ নিশ্চিত করেছে যার মূল লক্ষ্য হলো আবাসন ব্যবস্থার উন্নয়নে সমন্বিত পদক্ষেপ গ্রহণ করা যাতে নতুন বাসিন্দা আকৃষ্ট হয়, কর্মসংস্থান সৃষ্টি হয়, দীর্ঘমেয়াদী পুনর্উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত হয়, বাণিজ্যিক এলাকাগুলো সচল হয় এবং জনসাধারণের চলাচলের জায়গাগুলোতে প্রাণচাঞ্চল্যতা ফিরে আসে। হাজার হাজার বাসিন্দা, কর্মী, শিক্ষার্থী, ব্যবসায়ী এবং স্থানীয় নেতাদের মতামতের ভিত্তিতে তৈরি এই ডাউনটাউন অ্যালবানি স্ট্র্যাটেজি ব্যাপক জনসম্পৃক্ততার বহিঃপ্রকাশ এবং বিভিন্ন কর্মশালা, অংশীজনদের বৈঠক এবং ফোকাস গ্রুপের আলোচনার মাধ্যমে এটি জনগণের অগ্রাধিকার ভিত্তিক একটি নতুন অর্থনৈতিক প্রবৃদ্ধির রূপরেখা তুলে ধরে।

"ডাউনটাউন অ্যালবানি 400 বছরেরও বেশি সময় ধরে একটি ঐতিহাসিক কেন্দ্র হিসেবে পরিচিত এবং আমি কেবল এই অঞ্চলেই নয়, বরং আমাদের পুরো স্টেট ও রাষ্ট্রজুড়ে এর গুরুত্ব পুনরুজ্জীবিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। এই কৌশলটি এক আমূল পরিবর্তন বয়ে আনবে এবং এর পূর্ণ সম্ভাবনাকে উন্মোচিত করবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "উচ্চ-প্রভাবশালী বিনিয়োগ, শক্তিশালী অংশীদারিত্ব এবং প্রবৃদ্ধির সুনির্দিষ্ট লক্ষ্যের মাধ্যমে আমরা এম্পায়ার স্টেটের ক্যাপিটাল সিটির মর্যাদা অনুযায়ী একটি পুনরুজ্জীবিত ডাউনটাউন গড়ে তুলছি যা বাসিন্দা, কর্মী এবং দর্শনার্থী—সবার জন্যই সমানভাবে উপযোগী হবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, সিইও এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "এই কৌশলটি কেবল প্রকল্পগুলোর একটি

তালিকা নয়, বরং যখন আমরা স্মার্ট ও সুনির্দিষ্ট বিনিয়োগের সাথে জনমানুষের মতামতকে একত্রিত করি, তখন কী কী সম্ভব হতে পারে—এটি তারই প্রতিফলন। আবাসন, কর্মসংস্থান এবং জীবনযাত্রার মানের ওপর গুরুত্বারোপ করে আমরা ডাউনটাউন অ্যালবানিতে টেকসই প্রবৃদ্ধি এবং পুনর্জাগরিত আত্মবিশ্বাসের ভিত্তি স্থাপন করছি।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস অব জেনারেল সার্ভিসেসের (Office of General Services) কমিশনার Jeanette Moy (জিনেট ময়) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে ডাউনটাউন অ্যালবানির এই পুনঃউন্নয়ন ক্যাপিটাল সিটির জন্য আরো অংশগ্রহণমূলক এবং প্রাণবন্ত ভবিষ্যৎ গড়ে তুলছে যা নিউ ইয়র্কবাসী এবং পর্যটক—উভয়েরই কাজে আসবে ও সেবা নিশ্চিত করবে। আমরা এম্পায়ার স্টেট প্লাজার সাথে এর আশেপাশের কমিউনিটির সম্পর্ক জোরদার করতে এবং আমাদের পাবলিক স্পেসগুলোকে আধুনিকীকরণ করতে প্রতিশ্রুতিবদ্ধ, এর মাধ্যমে আমরা ডাউনটাউন অ্যালবানিকে এমন একটি গন্তব্য হিসেবে গড়ে তুলব যেখানে সবাই এর অংশ হতে চাইবে।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (Department of Transportation)-এর কমিশনার Marie Therese Dominguez (মেরি থেরেসি ডোমিঙ্গুয়েজ) বলেন, "ডাউনটাউন অ্যালবানি স্ট্র্যাটেজি হলো একটি বিস্তৃত রূপরেখা যা গভর্নর Hochul (হোকল)-এর স্বপ্নকে আমাদের ক্যাপিটাল সিটির জন্য এক উজ্জ্বল নতুন বাস্তবতায় রূপান্তর করবে। স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন এই উদ্যোগের বিষয়ে কমিউনিটির সাথে কাজ করতে পেরে গর্বিত যা অ্যালবানি সিটি এবং এর বাসিন্দাদের ওপর বহুমুখী ও প্রজন্মব্যাপী প্রভাব ফেলবে। নতুন লিভিংস্টন অ্যাভিনিউ ব্রিজ (Livingston Avenue Bridge) এবং ইন্টারস্টেট 787 করিডোর (Interstate 787 Corridor) পুনর্কল্পনার মতো রূপান্তরমূলক প্রকল্পগুলোর মাধ্যমে, আমরা ইতোমধ্যে ডাউনটাউন অ্যালবানিতে বসবাসকারী এবং কর্মরত মানুষের জন্য এটি বাস্তবায়নে কঠোর পরিশ্রম করছি।"

স্টেট সিনেটর Patricia Fahy (প্যাট্রিসিয়া ফহি) বলেন, "অ্যালবেনি তার ইতিহাসের কেবল একটি নতুন অধ্যায়ই শুরু করছে না — বরং ভবিষ্যতের দিকে তাকিয়ে আমরা সম্পূর্ণ নতুন একটি বই লিখছি। আমাদের ক্যাপিটাল রিজিয়নের প্রাণকেন্দ্র ডাউনটাউন অ্যালবেনিকে পুনরুজ্জীবিত করার কাজ তিনটি মূল নীতির মাধ্যমে শুরু হচ্ছে: আবাসন সংকট মোকাবিলায় প্রকৃতপক্ষেই সহজলভ্য ও সাশ্রয়ী মূল্যের আরো বেশি আবাসন ইউনিট তৈরি করা; ডাউনটাউনের ক্ষুদ্র ব্যবসাগুলোকে পুনরায় প্রাণবন্ত করে তোলা এবং একে একটি আকর্ষণীয় গন্তব্য হিসেবে গড়ে তোলা এবং লিবার্টি পার্কের পুনঃউন্নয়নসহ ডাউনটাউনের এলাকাগুলোর সামাজিক উন্নয়ন ও আধুনিকায়নে বিনিয়োগ করা। গত বছর আমাদের নিশ্চিত করা সেই রূপান্তরমূলক 400 মিলিয়ন মার্কিন ডলারের কল্যাণে অ্যালবেনিতে এক নতুন ভোরের সূচনা হচ্ছে এবং এ কারণে আমি গভর্নর Hochul (হোকল), আমার আইনসভার সহকর্মীবৃন্দ, ক্যাপিটাল রিজিয়ন ডেলিগেশন, মেয়র Applyrs (অ্যাপ্লায়ার্স) এবং সাবেক মেয়র Sheehan (শিহান)-কে তাদের অব্যাহত অংশীদারিত্বের জন্য ধন্যবাদ জানাতে চাই। অ্যালবেনির ভবিষ্যৎ উজ্জ্বল।"

অ্যাসেম্বলি মেম্বার John T. McDonald III, RPh (জন টি. ম্যাকডোনাল্ড তৃতীয়, RPh) বলেন, "ডাউনটাউন অ্যালবানিকে পুনরুজ্জীবিত করার জন্য একটি ব্যাপক পরিকল্পনা

প্রয়োজন যা আবাসন, অর্থনৈতিক সুযোগ এবং জননিরাপত্তাকে একসাথে বিবেচনা করে। এই কৌশলটি নতুন বাসিন্দাদের আকৃষ্ট করা, ক্ষুদ্র ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করা এবং জীবনযাত্রার মান উন্নত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে। এই পরিকল্পনার পিছনে শক্তিশালী জনমত বা কমিউনিটির অংশগ্রহণ দেখে আমি উচ্ছ্বসিত এবং ক্যাপিটাল রিজিয়নের জন্য এই বিনিয়োগগুলো যেন দীর্ঘস্থায়ী ফলাফল বয়ে আনে তা নিশ্চিত করতে আমি আমাদের অংশীদারদের সাথে কাজ করার অপেক্ষায় রয়েছি।"

অ্যাসেম্বলি মেম্বার Gabriella A. Romero (গ্যাব্রিয়েলা এ. রোমেরো) বলেন, "ডাউনটাউন অ্যালবানি আমাদের ক্যাপিটাল সিটির প্রাণকেন্দ্র এবং 200 মিলিয়ন মার্কিন ডলারের এই ঐতিহাসিক বিনিয়োগের কৌশলটি প্রমাণ করে যে, আমরা কেবল আলোচনার মধ্যে সীমাবদ্ধ না থেকে আমাদের কমিউনিটির জন্য বাস্তব ও পরিবর্তনমূলক পদক্ষেপের দিকে এগিয়ে যাচ্ছি। আবাসন ব্যবস্থার সম্প্রসারণ এবং ভালো-বেতনের কর্মসংস্থান সৃষ্টি থেকে শুরু করে ক্ষুদ্র ব্যবসায় সহায়তা এবং আমাদের পাবলিক স্পেসগুলোর পুনঃউন্নয়ন পর্যন্ত—এই কৌশলটি অ্যালবানির জন্য একটি রোমাঞ্চকর অগ্রযাত্রা। আমি বিশেষভাবে গর্বিত যে, কমিউনিটির হাজার হাজার মানুষ এই পরিকল্পনাটি তৈরিতে সহায়তা করেছেন, কারণ প্রকৃত অগ্রগতি তখনই ঘটে, যখন এখানে বসবাসকারী এবং কর্মরত মানুষদের মতামতকে গুরুত্ব দেওয়া হয়। আমি সকলের উপভোগের জন্য একটি প্রাণবন্ত এবং সমৃদ্ধশালী ডাউনটাউন গড়ে তুলতে এই নিরন্তর সামাজিক সহযোগিতা বজায় রাখার অপেক্ষায় রয়েছি।"

অ্যালবানি কাউন্টির এক্সিকিউটিভ Daniel P. McCoy (ড্যানিয়েল পি. ম্যাককয়) বলেন, "অ্যালবানি সর্বদাই ক্যাপিটাল রিজিয়নের নাগরিক ও অর্থনৈতিক অবস্থার কেন্দ্রবিন্দু ছিল এবং এই পরিকল্পনাটি সেই ধারার ওপর ভিত্তি করেই তৈরি করা হয়েছে। ডাউনটাউন অ্যালবানি স্ট্র্যাটেজি হলো একটি বাস্তবসম্মত ও কর্মমুখী রূপরেখা যা দীর্ঘমেয়াদী প্রভাবের ওপর গুরুত্ব দেয়; এটি নিশ্চিত করে যে ডাউনটাউন এমন একটি জায়গা হিসেবে টিকে থাকবে যেখানে মানুষ বসবাস করতে, কাজ করতে এবং সময় কাটাতে চাইবে। আমি গভর্নর Hochul (হোকল)-কে তার চ্যাম্পিয়নিং অ্যালবানিজ পটেনশিয়াল (CAP) উদ্যোগের মাধ্যমে 400 মিলিয়ন মার্কিন ডলারের ঐতিহাসিক বিনিয়োগ এবং এর ফলাফল অর্জনে তার উচ্চাভিলাষী লক্ষ্যমাত্রার জন্য ধন্যবাদ জানাই। এই পরিকল্পনাটি কেবল আমাদের ডাউনটাউনেই নয়, বরং অ্যালবানি কাউন্টির ভবিষ্যৎ পুনর্গঠনেও সহায়তা করবে।"

অ্যালবেনি সিটির মেয়র ডক্টর Dorcey Applyrs (ডোরসি অ্যাপ্লায়ার্স) বলেন, "ডাউনটাউন অ্যালবেনি আমাদের ক্যাপিটাল সিটির প্রাণকেন্দ্র এবং ডাউনটাউন অ্যালবেনি স্ট্র্যাটেজির এই ঘোষণা আমাদের সিটিকে আরো শক্তিশালী করার একটি সুস্পষ্ট ও সমন্বিত রাস্তা দেখাবে। কাজের নির্দিষ্ট সময়সীমা থাকায় সব স্টেকহোল্ডার নিজের দায়িত্ব পালনে সজাগ থাকবে, ফলে আমরা কতটুকু উন্নতি করলাম তা সহজেই বোঝা যাবে। গভর্নরের কাজ এবং বিনিয়োগের মাধ্যমে, আমরা আগামী দশকে হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টি, বেসরকারি বিনিয়োগের সুযোগ উন্মোচন এবং নিরাপত্তার মানোন্নয়ন করতে চাইছি, যাতে বাসিন্দা ও দর্শনার্থীরা আমাদের ডাউনটাউনে স্বাচ্ছন্দ্য বোধ করেন। এই ধরনের মিলেমিশে কাজ করার মাধ্যমেই আমরা মানুষের বিশ্বাস ফিরিয়ে আনতে পারব এবং ডাউনটাউনের উন্নতি ধরে রাখতে পারব এবং স্থানীয় মানুষ, দর্শনার্থী ও ব্যবসায়ীগণ ঠিক এমনটাই দেখতে চেয়েছিলেন। আমি

গভর্নরের নেতৃত্বের জন্য তার প্রতি কৃতজ্ঞ এবং এই পরিকল্পনাকে বাস্তবে রূপ দেওয়ার লক্ষ্যে আমাদের অংশীদারিত্বের অপেক্ষায় রয়েছি।"

কৌশলটি ডাউনটাউনের মূল এলাকায় লক্ষ্যনিষ্ঠ বিনিয়োগকে অগ্রাধিকার দেয় যা গতিশীলতা তৈরি করতে এবং বেসরকারি উন্নয়নকে কাজে লাগাতে সাহায্য করে এবং ডাউনটাউনেরও বাইরে বিস্তৃত পুনরুজ্জীবনের জন্য একটি ভিত্তি হিসেবে কাজ করে। এই পরিকল্পনার একটি কেন্দ্রীয় অংশ হলো লিবার্টি পার্কের পুনঃউন্নয়ন যা বৃহৎ আকারের আবাসন, পাবলিক স্পেস এবং নেইবারহুড ডেস্টিনেশন তৈরির একটি গুরুত্বপূর্ণ সুযোগ হিসেবে চিহ্নিত হয়েছে। এই কৌশলটি লিবার্টি পার্ক ডিস্ট্রিক্টের উন্নয়নকে এগিয়ে নিতে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট ফান্ড থেকে 40 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অর্থ বরাদ্দ করেছে।

ডাউনটাউন অ্যালবানি স্ট্র্যাটেজিটি তিনটি সুনির্দিষ্ট এবং উচ্চ-প্রভাবশালী সরকারি বিনিয়োগের মাধ্যমে বাস্তবায়িত হবে:

- **ট্রান্সফরমেটিভ প্রজেক্টস ফান্ড (120 মিলিয়ন মার্কিন ডলার)**: মূল এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোকে সহায়তা করা যা ডাউনটাউনের অভিজ্ঞতাকে আরো উন্নত করবে এবং এর পুনর্উন্নয়ন প্রক্রিয়ায় জনস্বার্থকে উজ্জীবিত করবে
- **হাউজিং ইনভেস্টমেন্ট ফান্ড (40 মিলিয়ন মার্কিন ডলার)**: ডাউনটাউনের বাসিন্দাদের ধরে রাখতে এবং তাদের সংখ্যা বৃদ্ধি করতে আবাসন ব্যবস্থার সম্প্রসারণ, একটি 24/7 কমিউনিটি তৈরি করা যা ব্যবসায়িক প্রবৃদ্ধি এবং সিটির পরিষেবা সমর্থন করবে
- **কমিউনিটি ইনভেস্টমেন্ট ফান্ড (40 মিলিয়ন মার্কিন ডলার)**: পার্ক, পাবলিক স্পেস এবং স্থানীয় এলাকার সুযোগ-সুবিধা বাড়ানো

স্টেটের কৌশলগত বিনিয়োগ এবং বেসরকারি-খাতের সাথে শক্তিশালী অংশীদারিত্বের মাধ্যমে, ডাউনটাউন অ্যালবেনি স্ট্র্যাটেজি আবাসন ব্যবস্থার উন্নয়ন, ক্ষুদ্র ব্যবসার প্রসার, কর্মসংস্থান সৃষ্টি এবং নিরাপদ ও প্রাণবন্ত রাস্তাঘাট নিশ্চিত করতে সহায়তা করবে। এই পরিকল্পনাটি এমনভাবে প্রণয়ন করা হয়েছে যা দৃশ্যমান ও স্থায়ী উন্নতি বজায় রাখবে এবং এই অঞ্চলের অর্থনৈতিক ও সাংস্কৃতিক কেন্দ্র হিসেবে অ্যালবানির ভূমিকাকে আরো শক্তিশালী করবে।

নিউ ইয়র্ক স্টেটের ক্যাপিটাল এবং রিজিয়নাল অর্থনৈতিক কেন্দ্র হওয়ায় অ্যালবানি দীর্ঘদিন ধরে বিভিন্ন সমস্যার সম্মুখীন হয়েছে যা মহামারীর পর কর্মসংস্থান ও জীবনধারার পরিবর্তনের ফলে আরও বেড়েছে, যেমন- উচ্চহারে বাণিজ্যিক শূন্যতা তৈরি এবং মিউনিসিপ্যাল রিসোর্সের উপর চাপ। ডাউনটাউন অ্যালবানি স্ট্র্যাটেজি পুনরুজ্জীবনের লক্ষ্যে একটি কেন্দ্রভিত্তিক, তথ্য-নির্ভর পদ্ধতির মাধ্যমে ছয়টি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে:

1. 2035 সালের মধ্যে ডাউনটাউন কোরের আবাসিক সংখ্যা তিনগুণ বৃদ্ধি করে 3,500-এ উন্নীত করা
2. আগামী পাঁচ বছরে ডাউনটাউনে 1,500টি এবং 10 বছরে 3,000টি কর্মসংস্থান যুক্ত করা
3. বার্ষিক পর্যটকের সংখ্যা পাঁচ মিলিয়নে পৌঁছানো, অন্তত 90-মিনিটের অবস্থান নিশ্চিত করা এবং বছরে 150+ ইভেন্ট ডে রাখা

4. CAP ফান্ডিংয়ের প্রতিটি ডলারের বিপরীতে 3 মার্কিন ডলার বেসরকারি বিনিয়োগ আনা
5. আগামী তিন বছরের মধ্যে তিনটি গুরুত্বপূর্ণ বড় প্রকল্পের কাজ শুরু করা
6. ডাউনটাউন অ্যালবানিকে আরো নিরাপদ এলাকা হিসেবে গড়ে তুলতে এর রেটিং উন্নত করা

ESD আগামী 19 ফেব্রুয়ারি তাদের পরিচালনা পর্ষদের সভায় কর্মসূচির নির্দেশিকা অনুমোদনের চেষ্টা করবে এবং মার্চ মাস থেকে ফান্ডের আবেদন শুরু হবে।

ডাউনটাউন অ্যালবানি স্ট্র্যাটেজি এবং CAP ইনিশিয়েটিভ সম্পর্কে আরো জানতে ভিজিট করুন: downtownalbanystrategy.com।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন